**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.২৪-(অংশ-১)-২৮৪

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ / ১২ জুন ২০২৪

**বিষয় : নারায়ণগঞ্জ জেলার কাঞ্চন পৌরসভা সাধারণ নির্বাচন এবং বরিশাল জেলার গৌরনদী পৌরসভার মেয়রের শূন্য পদে উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিনে সাধারণ ছুটি ঘোষণা সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী **২৬ জুন ২০২৪** তারিখ **বুধবার** নারায়ণগঞ্জ জেলার কাঞ্চন পৌরসভা সাধারণ নির্বাচন এবং বরিশাল জেলার গৌরনদী পৌরসভা মেয়রের শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে (সময়সূচির প্রজ্ঞাপন সংযুক্ত)। উল্লিখিত নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন অর্থ্যাৎ **২৬ জুন ২০২৪** তারিখ **বুধবার** সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা প্রয়োজন।

০২। বর্ণিতাবস্থায়, নারায়ণগঞ্জ জেলার কাঞ্চন পৌরসভা সাধারণ নির্বাচন এবং বরিশাল জেলার গৌরনদী পৌরসভা মেয়রের শূন্য পদে উপনির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় ভোটগ্রহণের দিন অর্থ্যাৎ **২৬ জুন ২০২৪** তারিখ **বুধবার** সাধারণ ছুটি ঘোষণা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

১২/৬/২০২৪

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

সংযুক্তি: বর্ণনামতে

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: যুগ্ম-সচিব (বিধি)]

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.২৪-(অংশ-১)-২৮৪

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪৩১ / ১২ জুন ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব ...................................... মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড/ডিজিএফআই/এনএসআই/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, ....................................(সংশ্লিষ্ট) বিভাগ
৮. উপমহাপুলিশ পরিদর্শক, ....................................(সংশ্লিষ্ট) রেঞ্জ
৯. পুলিশ কমিশনার, ....................................(সংশ্লিষ্ট) মেট্রোপলিটন পুলিশ
১০. যুগ্মসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৩. জেলা প্রশাসক, ....................................(সংশ্লিষ্ট)
১৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..............................(সংশ্লিষ্ট) অঞ্চল
১৫. পুলিশ সুপার, ....................................(সংশ্লিষ্ট)
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার, ...........................(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
১৮. উপজেলা নির্বাহী অফিসার, ............................... (সংশ্লিষ্ট)
১৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ....................................(সংশ্লিষ্ট)
২০. জেলা তথ্য অফিসার, ....................................(সংশ্লিষ্ট)
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ....................................... এর একান্ত সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. উপজেলা নির্বাচন কর্মকর্তা,...............................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৫. অফিসার ইনচার্জ, ................................. (সংশ্লিষ্ট) থানা।

12.06.2024

( মোহাম্মদ আশ্রাফুল আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.২৪ (অংশ-১)-২৬৯

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২১ মে ২০২৪

## প্রজ্ঞাপন

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.২৪ (অংশ-১)-২৬৯ ।- স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা নারায়ণগঞ্জ জেলার কাঞ্চন পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে **ইভিএম** এর মাধ্যমে নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছে:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১<br>৩০ মে ২০২৪ | বৃহস্পতিবার |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১<br>০২ জুন ২০২৪ | রবিবার |
| (গ) | মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের | : | ২০-২২ জ্যৈষ্ঠ ১৪৩১<br>০৩-০৫ জুন ২০২৪ | সোমবার-বুধবার |
| (ঘ) | আপিল নিষ্পত্তি | : | ২৩-২৫ জ্যৈষ্ঠ ১৪৩১<br>০৬-০৮ জুন ২০২৪ | বৃহস্পতিবার-শনিবার |
| (ঙ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ জ্যৈষ্ঠ ১৪৩১<br>০৯ জুন ২০২৪ | রবিবার |
| (চ) | প্রতীক বরাদ্দ | : | ২৭ জ্যৈষ্ঠ ১৪৩১<br>১০ জুন ২০২৪ | সোমবার |
| **(ছ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **১২ আষাঢ় ১৪৩১**<br>**২৬ জুন ২০২৪** | **বুধবার** |
| **ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত** | | | | |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

২১/০৫/২০২৪

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ১৫ (পনেরো) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

F:\Ashraf pc doc\New Volume\election\all election\pourosova 21 may 2024\1 1 Schedule.doc

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.২৪ (অংশ-১)-২৬৯

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩১
২১ মে ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, ............................................... (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা [পৌরসভা সাধারণ নির্বাচন অনুষ্ঠানের সময় জননিরাপত্তা বিভাগ হতে জারীকৃত পরিপত্রের ন্যায় আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েনসহ প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা [পৌরসভা সাধারণ নির্বাচন অনুষ্ঠানের সময় জননিরাপত্তা বিভাগ হতে জারীকৃত পরিপত্রের ন্যায় আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েনসহ প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
৭. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ঢাকা
১০. প্রকল্প পরিচালক, আইডিইএ-২ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. উপ-মহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ
১২. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচনের তারিখের সাথে সমন্বয় করে ইতঃপূর্বের ন্যায় নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনাল গঠন ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]
১৩. যুগ্মসচিব (নিঃব্যঃ ১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [রাজনৈতিক দলকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা [প্রশিক্ষণ পরিকল্পনা ও প্রাসঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৫. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়
১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা
১৯. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ
২০. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি জারি ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
২১. জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ ও রিটার্নিং অফিসার [পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয় হতে জারীকৃত আদেশ-নির্দেশ, পরিপত্রের নিদের্শনার সাথে বর্তমান নির্বাচনের তারিখ সমন্বয় পূর্বক এবং হালনাগদকৃত আইন ও বিধি মোতাবেক নির্বাচন অনুষ্ঠান করার জন্য অনুরোধ করা হলো।]
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নারায়ণগঞ্জ
২৩. জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ
২৪. উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
২৫. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ,.................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. উপজেলা নির্বাচন অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার
২৯. অফিসার ইনচার্জ, রূপগঞ্জ থানা, নারায়ণগঞ্জ

( মোহাম্মদ আশ্রাফুল আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.২৪ (অংশ-১)-২৭২

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২১ মে ২০২৪

**বিষয়: কয়েকটি পৌরসভার বিভিন্ন শূন্যপদে উপনির্বাচন অনুষ্ঠান**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ১০(৩) বিধি অনুসরণপূর্বক আগামী **২৬ জুন ২০২৪** তারিখ **বুধবার** ভোটগ্রহণের দিন নির্ধারণকরত: নিম্নবর্ণিত ছকের (৪) নং কলামে বর্ণিত পৌরসভার (৫) নং কলামে বর্ণিত শূন্য পদে উপনির্বাচন **ইভিএম** এর মাধ্যমে অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করিতেছে:

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | পৌরসভার নাম | পদের নাম |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | বরিশাল | গৌরনদী | গৌরনদী | পৌরসভার মেয়রের শূন্য পদ |
| ২. | পাবনা | ভাঙ্গুরা | ভাঙ্গুরা | পৌরসভার মেয়রের শূন্য পদ |
| ৩. | রাজবাড়ী | পাংশা | পাংশা | ০৪নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরের শূন্য পদ |
| ৪. | জয়পুরহাট | ক্ষেতলাল | ক্ষেতলাল | ০১নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরের শূন্য পদ |
| ৫. | জামালপুর | মেলান্দহ | মেলান্দহ | ০৯নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরের শূন্য পদ |
| ৬. | শেরপুর | নকলা | নকলা | ০১নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরের শূন্য পদ |

২। **রিটার্নিং অফিসার নিয়োগ :** স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুযায়ী মাননীয় নির্বাচন কমিশন বর্ণিত শূন্য পদে উপনির্বাচন পরিচালনার নিমিত্ত রিটার্নিং অফিসার এবং সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করেছেন (সংলগ্নী-১)।

৩। **আপিল কর্তৃপক্ষ :** উল্লিখিত পৌরসভার শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল নিষ্পত্তিকরণের লক্ষ্যে ইতঃপূর্বে অনুষ্ঠিত পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে নিয়োগকৃত সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে আপিল কর্তৃপক্ষ হিসেবে দায়িত্বপালন করবেন।

৪। **সময়সূচির বিজ্ঞপ্তি জারি :** উল্লিখিত পৌরসভার শূন্য পদে ২৬ **জুন ২০২৪** তারিখ (ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত) উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ এর উপবিধি (৩) অনুসারে মনোনয়নপত্র দাখিলের তারিখ, বাছাইয়ের তারিখ, প্রার্থীতা প্রত্যাহারের তারিখ ও ভোটগ্রহণের তারিখ নির্ধারণকরত: বিজ্ঞপ্তি জারি করে নির্বাচন কমিশনকে অবহিত করতে হবে।

৫। **ভোটার তালিকা এবং ভোটকেন্দ্র :** ইত:পূর্বে প্রদত্ত নির্দেশনা অনুসারে সর্বশেষ হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী নির্বাচন সম্পন্ন করতে হবে। একইভাবে জারীকৃত নীতিমালা অনুসারে ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্ত করে নির্বাচন কমিশনে প্রেরণ করতে হবে।

৬। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** সর্বশেষ সংশোধিত বিধিমালা অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দ করতে হবে। প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসার এবং সংশ্লিষ্ট সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার তা যাচাই করে প্রতীক বরাদ্দের পরের দিন সঠিক রয়েছে মর্মে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। উল্লেখ্য যে, বিভিন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে বরাদ্দ করার জন্য প্রতীকের তালিকা সম্বলিত একটি পুস্তিকা প্রণয়ন করে সকল সিনিয়র/জেলা নির্বাচন অফিসার এবং উপজেলা/থানা নির্বাচন অফিসারের নিকট প্রেরণ করা হয়েছে।

৭। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা:** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন, মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণ/নিষ্পত্তি সংক্রান্ত দিনসহ উক্তরূপ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা নির্বাচন অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া মনোনয়নপত্র দাখিল-বাছাই, বাছাইয়ের বিরুদ্ধে দায়েরকৃত আপিল নিষ্পত্তি ও প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন অতিক্রান্ত না হওয়া পর্যন্ত. এবং নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম গ্রহণের সুবিধার্থে সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে উল্লিখিত অফিসসমূহ খোলা রাখা এবং প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, মনোনয়নপত্র দাখিল, বাছাই, আপিল দায়ের, প্রার্থিতা প্রত্যাহার ইত্যাদি কার্যক্রম অফিস চলাকালীন এবং বন্ধের দিন হলে সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা এর মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

F:\Ashraf pc doc\New Volume\election\all election\pourosova 21 may 2024\Pourashova By Election Letter.doc

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৮। **অন্যান্য নির্দেশনা**: তাছাড়া **২৬ জুন ২০২৪** ভোটগ্রহণের দিন নির্ধারণ করত: উল্লিখিত পৌরসভার শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট আইন ও বিধি মোতাবেক এবং ইত:পূর্বে অনুষ্ঠিত পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে জারিকৃত পরিপত্র, নির্দেশনা এবং পরবর্তীতে সময় সময়ে জারিকৃত পরিপত্র/ নির্দেশনা অনুসরণ করে যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালনপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

৯। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত ও নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট পৌরসভার শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২১/০৫/২০২৪

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার,................... (সংশ্লিষ্ট)
ও
রিটার্নিং অফিসার, ..............................শূন্য পদে উপনির্বাচন

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.২৪ (অংশ-১)-২৭২

তারিখ: ৭ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২১ মে ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব, ................................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা [পৌরসভা সাধারণ নির্বাচন অনুষ্ঠানের সময় জননিরাপত্তা বিভাগ হতে জারীকৃত পরিপত্রের ন্যায় আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েনসহ প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
৫. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা [পৌরসভা সাধারণ নির্বাচন অনুষ্ঠানের সময় জননিরাপত্তা বিভাগ হতে জারীকৃত পরিপত্রের ন্যায় আইনশৃঙ্খলা বাহিনী মোতায়েনসহ প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, .................................(সংশ্লিষ্ট) বিভাগ
৯. প্রকল্প পরিচালক, আইডিইএ-২ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. উপ-মহাপুলিশ পরিদর্শক, ..........................(সংশ্লিষ্ট) রেঞ্জ
১১. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]
১২. যুগ্মসচিব (নিঃব্যঃ ১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা [প্রশিক্ষণ পরিকল্পনা ও প্রাসঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, .......................................(সংশ্লিষ্ট)
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .........................(সংশ্লিষ্ট) অঞ্চল
১৮. পুলিশ সুপার, ..........................................(সংশ্লিষ্ট)
১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি জারি ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
২০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ........................(সংশ্লিষ্ট)
২১. উপজেলা নির্বাহী অফিসার, .................................. (সংশ্লিষ্ট)
২২. জেলা তথ্য অফিসার, .......................................... (সংশ্লিষ্ট)
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ,................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৬. উপজেলা নির্বাচন অফিসার,.............................. (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

২৭. অফিসার ইনচার্জ, .........................................(সংশ্লিষ্ট) থানা।

21.05.2024

( মোহাম্মদ আশ্রাফুল আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.co